১। বয়স ১৬-০১-২০২২ইং তারিখে ক্রমিক নং ১, ২, ৪, ৬, ৭, ৯-৩৩ পদের ক্ষেত্রে অনুর্ধ্ব ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২বছর। ক্রমিক নং ৩, ৫, ৮ পদের ক্ষেত্রে অনুর্ধ্ব ৩৫ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (২) বিভিন্ন পদসমূহের পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হতে পারে। সেক্ষেত্রে প্রার্থী নিজ দায়িত্বে একাধিক পদে আবেদন করবেন। (৩) ক্রমিক নং ১ থেকে ২৬ পর্যন্ত পদসমূহের নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ৩ বছরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনক ৩ বছর চুক্তিভিত্তিক চাকুরি সম্পন্নের পর যোগদানের তারিখ হতে স্থায়ীভাবে আত্মীকরণ করা হবে। (৪) উপর্যুক্ত পদসমূহের মধ্যে ক্রমিক নং ২৭ থেকে ৩৩ পর্যন্ত পদসমূহের নির্বাচিত প্রার্থীগণ ৮৯ দিন ভিত্তিতে (শর্তসাপেক্ষে নবায়নযোগ্য) নিয়োগপ্রাপ্ত হবেন। (৫) **আবেদন ফরম পুরণ সংক্রান্ত নিয়মাবলিঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bbal.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৬.০১.২০২২ সকাল ১০.০০ টা। (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৬.০২.২০২২ রাত ১২.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন (ঘ) **SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online এ আবেনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ টেলিটক চার্জসহ ক্রমিক নং ১-৯ পদের জন্য ৫৬০/-টাকা, ক্রমিক নং ১০-৩০ পদের জন্য ৩৩৬/-টাকা, ক্রমিক নং ৩১-৩৩ পদের জন্য ১১২/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। (ঘ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবশ্যই এই প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় সময় প্রদর্শন করতে হবে। অনলাইন আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (৬) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে সনদ/দলিল/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। (১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি (২) প্রবেশপত্রের ফটোকপি (৩) সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি (৫) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (৬) নাগরিকত্ব সনদপত্র (৭) অভিজ্ঞতার সনদ ও সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)। মোঃ সামছুদ্দোহা আকন্দ, ব্যবস্থাপক প্রশাসন (রিক্রুটমেন্ট এন্ড স্টাফিং), প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯। ফোনঃ ৮৯০১৬০০ এক্স: ২১৫৪, ২১৫৭, ২১৫০।

সূত্রঃ সমকাল ১৪/০১/২০২২ইং (পৃঃ ৬, ৭)

সতর্কী করণ নোটিশ

সাপ্তাহিক চাকরির খবর পত্রিকায় বারবার প্রকাশিত চাকরির বিজ্ঞাপনগুলো অত্যন্ত সতর্কতার সহিত ভাল করে খোঁজ খবর নিয়ে নিজ দায়িত্বে চাকরির জন্য যোগাযোগ করুন। কোন প্রকার টাকা পয়সা লেনদেন না করার জন্য পরামর্শ দেওয়া হলো। আর্থিক লেনদেন করিলে তা নিজ দায়িত্বে করিবেন। এক্ষেত্রে কেউ আর্থিক ক্ষতিগ্রস্ত হলে সাপ্তাহিক চাকরির খবর পত্রিকার কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

-সম্পাদক

ঢাকায় আবশ্যকঃ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল এন্ড কলেজ) এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৮ মার্চ ২০২১ সংশোধিত) এর সরকারি বিধি মোতাবেক সাভার উপজেলাধীন সেন্ট যোসেফস হাই স্কুল এন্ড কলেজ, ঢাকার জন্য নিবন্ধনধারী প্রভাষক উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (১জন), প্রভাষক পৌরনীতি ও সুশাসন (১জন) ও অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (১জন) প্রয়োজন। আগ্রহী প্রার্থীদের সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপিসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হল। অধ্যক্ষ। **সূত্রঃ সমকাল ১৮/০১/২০২২ইং**

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে চাকরি

স্মারক নং-না.শি.নি.দ.ট্রা/রাঙ্গা/২০২২-০২ তারিখঃ ১৯/০১/২০২২খ্রিঃ

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.স্টেনোগ্রাফার (সাঁটলিপিকার)-১জন বেতনঃ ১১০০০-২৬৫৯০/-	উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণসহ সাঁটলিপিতে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ১০০ ও ৮০ শব্দ থাকতে হবে এবং টাইপ এর সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩৫ ও ৩০ শব্দ থাকতে হবে।
২.গাড়ী চালক-১জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	অষ্টম শ্রেণি পাশ এবং মোটর গাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে, তবে অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাবে।
৩.অফিস সহায়ক-১জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী পাস।

১। প্রার্থীকে নির্ধারিত চাকুরির আবেদন ফরমে তথ্যাদি স্বহস্তে পূরণপূর্বক তারিখ ও প্রার্থীর পূর্ণ নাম সম্বলিত স্বাক্ষরসহ আগামী ০৮-০২-২০২২খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে "চেয়ারম্যান, বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি" বরাবর ডাকযোগে দরখাস্ত পৌছাতে হবে। (২) বয়স ০৮-০২-২০২২খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (৩) চাকুরিরত প্রার্থীকে বয়স থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। (৪) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি (খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি (গ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) নাগরিকত্বের সনদপত্র (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (চ) বীর মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে এতদসংক্রান্ত প্রামাণিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ছ) প্রার্থীর বর্তমান ঠিকানা সংবলিত ১০/- টাকা মূল্যমানের ডাক টিকেটযুক্ত ১টি ফেরত খাম (৯x৪ইঞ্চি) (জ) পরীক্ষার ফি বাবদ ১নং ক্রমিকে পদের জন্য ১০০/- এবং ২ ও ৩নং পদের জন্য ৫০/- টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ খাতে জমা প্রদানপূর্বক এর মূলকপি সংযুক্ত করতে হবে। (৫) খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। (৬) ১ ও ২নং ক্রমিকের পদের আবেদনকারীগণ ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। (৭) পরীক্ষার সময় অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। (৮) কোন প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। চেয়ারম্যান, বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

সূত্রঃ বাংলা: প্রতিদিন ২০/০১/২০২২ইং (পৃঃ ২)

জেলা পরিষদ, কুমিল্লায় চাকরি

স্মারক নং-৪৬.২০.৪৬.০০.০০১.১১.০১৫.২০২১-১৮ তারিখ: ১৮-০১-২২খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.সাঁটলিপিকার -১জন বেতনঃ ১১০০০-২৬৫৯০/-	উচ্চমাধ্যমিক পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইংরেজিতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা
২.উচ্চমান সহকারী-১জন বেতনঃ ১০২০০-২৪৬৮০/-	স্নাতক ডিগ্রি এবং দাপ্তরিক চিঠিপত্র লিখন কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
৩.নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর-১জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	উচ্চ মাধ্যমিক পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজি প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে।
৪.বার্তাবাহক-১জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণি পাস।
৫.প্রহরী-১জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণি পাস।

১। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ১ পাতার চাকরি আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম জেলা পরিষদ, কুমিল্লার ওয়েবসাইট www.comillazp.gov.bd এবং www.mopa.gov.bd বা www.forms.gov.bd এ পাওয়া যাবে। (২) আবেদন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লার বরাবরে আগামী ১৭-০২-২০২২ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি জেলা পরিষদ, কুমিল্লা কার্যালয়ে পৌছাতে হবে। (৩) আবেদনকারীর বয়স ১৭-০২-২০২২খ্রি. তারিখ ১৮-৩০ বছর। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/নাতি/নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে তাদের দরখাস্তের সাথে অবশ্যই প্রমাণস্বরূপ পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র (মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত) ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে (সমাজ সেবা কার্যালয় কর্তৃক ইস্যুকৃত) সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের উপর মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধী কথাটি লিখতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (৪) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র ও ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে (ক) সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) সত্যায়িত সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের ছবি (গ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি। (ঘ) নাগরিকত্ব সনদপত্র (ঙ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (চ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লার অনুকূলে ১-৩ পদের জন্য ৫০০/- টাকা ও ৪-৫ নং পদের জন্য ২০০/- টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। (ছ) অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। (৫) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কোটা সম্পর্কিত নির্দেশনাবলি অনুসরণ করা হবে। (৬) নির্ভূল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে ১০/- টাকা মুল্যের ডাকটিকেট (অব্যবহৃত) সহ নাম ঠিকানা সম্বলিত ১০.৫x৪.৫ সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে। (৭) খামের উপরে প্রার্থিত পদের নাম ও জেলা উল্লেখ করতে হবে। (৮) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৯) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা শিথিলযোগ্য। (১০) একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, কুমিল্লা। ফোন: ০৮১-৭২৫৭৭। E-mail: comillazp@gmail.com

সূত্রঃ প্রথমআলো ২০/০১/২০২২ইং (পৃঃ ১৩)

বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ এ চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
Probationary Officer Salary: 48000/-	•A fresh graduate with 4 years Honors (Graduation)/ Masters in any discipline from any Public University approved by UGC or B.Sc. in CSE/ EEE/ETE from a Public or Private University approved by UGC. • S.S.C or equivalent examination GPA 4.00 out 5.00 •H.S.C or equivalent examination GPA 4.00 out of 5.00 • 4 year Graduation (Honors) CGPA 2.75 out of 4.00 or CGPA 3.50 out of 5.00 • Masters CGPA 2.75 out of 4.00 or CGPA 3.50 out of 5.00

Age not over 30 years for all general applicants as on 25.03.2020. For the son/daughter of freedom fighters the age limit is 30 years as on 25.03.2020. Computer skill is essential.

Eligible and the intending applicants shall apply through online by uploading the recent passport size color photograph 600x600 pixel (JPG 100kb) and signature 300x80 pixel (JPG 60kb) using the online application form. Candidates must have a valid e-mail address and mobile number. Postal/courier/Physical submission of application will not be acceptable. Eligible and the intending applicants shall apply through online www.bcblbd.com/career. Application deadline: 17 February, 2022. **Source: Bdjobs.com.**

জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুরে চাকরি

নম্বর-০৫.১২.২৯০০.০০৭.১১.০০১.২২-৩৭ তারিখঃ ১২/০১/২২খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.সার্টিফিকেট সহকারী-৫জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনার অভিজ্ঞতা (গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা। (ঘ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে।

১। প্রার্থীর বয়স ১৯/০২/২০২২খ্রিঃ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। (ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর (খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর। (গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার সন্তানাদির ক্ষেত্রে ৩০ বছর। (ঘ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (২) চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে। (৩) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। (৪) চাকরির জন্য আবেদন আগামী ২০/০১/২০২২ তারিখ সকাল ১০:০০টা হতে ১৯-০২-২০২২ তারিখ বিকাল ৫:০০টা পর্যন্ত অনলাইন দাখিল করা যাবে। (৫) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। (ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা সত্যায়ন করতে হবে) (খ) ফরিদপুর জেলা স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইন নাগরিকত্ব সনদপত্র (গ) জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্মনিবন্ধন সনদ (ঘ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র (ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র (চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক গেজেটেড কর্মকর্তা কর্তৃক কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং (ছ) অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র। (৬) নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে। (৭) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dcfaridpur.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২০.০১.২০২২ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৯.০২.২০২২ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন। Online আবেদন শেষে Download কৃত Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী Applicant Copy তে দেওয়া পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ টেলিটক চার্জসহ ১১২/-টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদান শেষে প্রার্থীর মোবাইল ফোনে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd অথবা dcfaridpur@mopa.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। বিজ্ঞপ্তিটি www.dcfaridpur.gov.bd এবং http:dcfaridpur.teletalk.com.bd তে পাওয়া যাবে। সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে। জেলা প্রশাসক, ফরিদপুর। ০৬৩১-৬৩০২২। ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দানের নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। **সূত্রঃ কালেরকণ্ঠ ১৪/০১/২০২২ইং (পৃ:৭)**

হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী এন্ড ক্যান্সার সার্জন)	এমবিবিএস, এফসিপিএস/ এমএস অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী
২.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (মেডিসিন)	এমবিবিএস, এফসিপিএস/ এমডি অথবা সমমানের ডিগ্রি। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী
৩.অধ্যাপক (গ্যাস্ট্রোলিভার)	
৪.অধ্যাপক/সহযোগী অধ্যাপক (ইউরোলজী)	এমবিবিএস, এফসিপিএস/এমএস অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী
৫.সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (অর্থোপেডিক্স)	
৬.অধ্যাপক (হরমোন ও এন্ডোক্রাইনোলজী)	এমবিবিএস, এফসিপিএস/এমডি অথবা সমমানের ডিগ্রি। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী
৭.অধ্যাপক (শিশু ও নিউরোলজী)	
৮.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক (নিউরোসার্জারী)	এমবিবিএস, এফসিপিএস/ এমএস অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
৯.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক (রেডিওলজী)	এমবিবিএস, এফসিপিএস/ এমফিল/ এমডি অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
১০.অধ্যাপক (ক্যান্সার বিশেষজ্ঞ)	এমবিবিএস, এফসিপিএস/ এমডি অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
১১.অধ্যাপক (ফিজিক্যাল মেডিসিন)	
১২.অধ্যাপক (বক্ষব্যাধি বিশেষজ্ঞ)	
১৩.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ)	
১৪.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (এ্যানেসথেসিয়া)	
১৫.সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (নেফ্রোলজী)	
১৬.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (কার্ডিওলজী)	
১৭.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক (ডার্মাটোলজী)	
১৮.সহকারী অধ্যাপক (ইএনটি)	এমবিবিএস, এফসিপিএস/ এমএস অথবা সমমানের ডিগ্রি। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
১৯.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (চক্ষু)	
২০.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (গাইনি এন্ড অবস)	
২১.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (এনাটমী)	এমবিবিএস, এমফিল/ এমএস/ এফসিপিএস অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
২২.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক (ফিজিওলজী)	এমবিবিএস, এমফিল/ এমডি অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
২৩.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (বায়োকেমিস্ট্রি)	এমবিবিএস, এমফিল/ এমডি/ এফসিপিএস অথবা সমমানের ডিগ্রি। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
২৪.অধ্যাপক/সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (কমিউনিটি মেডিসিন)	এমবিবিএস, এমপিএইচ/এমফিল অথবা সমমানের ডিগ্রি। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
২৫.সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (ফরেনসিক মেডিসিন)	এমবিবিএস, ডিএফএম/ এমডি/ এফসিপিএস অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
২৬.সহযোগী অধ্যাপক (ফার্মাকোলজী)	
২৭.অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক(প্যাথলজী/ হিস্টোপ্যাথলজী)	
২৮.সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (মাইক্রোবায়োলজী)	
২৯.সহযোগী অধ্যাপক (সাইন্স অব ডেন্টাল মেটেরিয়ালস)	বিডিএস, ডিডিএস/ এমডি/ এমএস/ এফসিপিএস অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
৩০.সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক (ডেন্টাল এনাটমী)	বিডিএস, ডিডিএস/ এমডি অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
৩১.সহকারী অধ্যাপক (ডেন্টাল পাবলিক হেলথ)	বিডিএস, এমপিএইচ/ এমফিল অথবা সমমানের ডিগ্রী। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
৩২.সহকারী অধ্যাপক/ প্রভাষক (পেরিওডন্টোলজী এন্ড ওরাল প্যাথলজী)	বিডিএস, ডিডিএস/ এমএসসি/ এমডি অথবা সমমানের ডিগ্রি। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী।
৩৩.সহকারী অধ্যাপক (ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারী)	বিডিএস, এমএস/এফসিপিএস অথবা সমমানের ডিগ্রি। বিএমডিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী
৩৪.সহযোগী অধ্যাপক (কনজারভেটিভ ডেন্টিস্ট্রি এন্ড এন্ডোডন্টিকস)	

১। আবেদনপত্রের সঙ্গে সকল শিক্ষাগত যোগ্যতা, হালনাগাদ বিএমএন্ডডিসি রেজিস্ট্রেশন ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি ও বিএমএন্ডডিসি অনুমোদিত জার্নালে প্রকাশিত পাবলিকেশনের ফটোকপি এবং সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ পূর্ণ জীবনবৃত্তান্ত দাখিল করতে হবে। উল্লেখ্য, প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৬৩ বছর। (২) বিভিন্ন পদের বিপরীতে বেতন কাঠামো হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজের প্রস্তাবিত অর্গানোগ্রাম ও সার্ভিস রুলস অনুযায়ী প্রাপ্য হবে। (৩) আবেদনপত্রের সাথে ২০০০/- টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ' এর অনুকূলে সংযুক্ত করতে হবে। (৪) স্ব স্ব বিষয়ে অর্জিত ডিগ্রি বিএমডিসি স্বীকৃত হতে হবে। আভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। (৫) আবেদনপত্র আগামী ২০/০১/২০২২ইং তারিখের মধ্যে (সকাল ০৮টা থেকে বেলা ২:৩০টা) সরাসরি অথবা ডাকযোগে 'অধ্যক্ষ' হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ, ১ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০' বরাবর প্রেরণ করতে হবে। ফোনঃ ৪৮৩১৩২৩৪, ৪৮৩১৭০৩১ www.hfrcmc.edu.bd **সূত্রঃ ইত্তেফাক ১৪/০১/২০২২ইং (পৃঃ ৫)**

সেনাবাহিনীতে সৈনিক পদে চাকরি

১ম পাতার পর

(২) **ভর্তির সময় নিম্নেবর্ণিত সনদপত্র/ছবি/লেখার সামগ্রী অবশ্যই সঙ্গে আনতে হবেঃ** (ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/মার্কশীট, ফটোকপি হলে সত্যায়িত হতে হবে। তবে পরবর্তীতে মূল সনদপত্র উপস্থাপন করতে হবে (খ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক দেয়া স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ সম্বলিত মুল প্রশংসাপত্র এবং এসএসসি পরীক্ষার প্রবেশপত্র। (গ) অভিভাবকের সম্মতিসূচক সনদপত্র যা সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত হতে হবে। (ঘ) সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক দেয়া জন্মসূত্রে নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্রের মূল কপি। (ঙ) নিজ জন্ম নিবন্ধন সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি যদি থাকে। (চ) পিতা ও মাতা এর জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড এর সত্যায়িত ফটোকপি/স্মার্ট কার্ড এর সত্যায়িত ফটোকপি। (ছ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের (৫সেঃমিঃx৪সেঃমিঃ) ৬ কপি এবং স্ট্যাম্প সাইজের (২.৫সেঃমিঃx২সেঃমিঃ) ২ কপি সত্যায়িত কপি। ছবির পটভূমি নীল/আকাশী রংয়ের, পরিধেয় পোশাক হালকা রং এর হতে হবে। (জ) সাঁতার পরীক্ষা দেয়ার জন্য প্রয়োজনীয় পোশাক (সাঁতারের নির্ধারিত দিনে) (ঝ) লিখিত পরীক্ষার জন্য কলম, জ্যামিতি বক্স, পেন্সিল, স্কেল ও ক্লিপবোর্ড ইত্যাদি। (ঞ) উপজাতিদের ক্ষেত্রে, উপজাতি প্রমাণ স্বরূপ তাদের রাজা/উপজাতি প্রধান/সিটি কর্পোরেশন/ইউপি চেয়ারম্যান এর সনদপত্র। (ট) টেইলার পেশার ক্ষেত্রে টেইলারিং কাজের উপর প্রশিক্ষণ সনদপত্র। (ঠ) অনলাইন আবেদনের প্রবেশপত্র। **(৩) নির্বাচন পদ্ধতিঃ** লিখিত পরীক্ষা (বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা), স্বাস্থ্য পরীক্ষা ও সাক্ষাৎকারের মাধ্যমে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। **(৪) প্রশিক্ষণঃ** সেনাসদরের সিদ্ধান্ত অনুযায়ী ১ বছর মেয়াদি মৌলিক সামরিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। **(৫) আবেদনঃ** একজন প্রার্থী যোগ্যতা ও জেলা কোটা অনুযায়ী ট্রেড-২ (বিশেষ পেশায়) এসএমএস ও অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন এবং আবেদনের অনুকূলে ভর্তি পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা কর্তন করা হবে। **(৬) নিম্নেবর্ণিত ব্যক্তিগণ দরখাস্ত করার জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে না।** (ক) সরকারী চাকুরী হতে বরখাস্তকৃত (খ) ফৌজদারী মামলায় দন্ডপ্রাপ্ত (গ) সামরিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রত্যাহারকৃত/ বরখাস্তকৃত। (৭) **ট্রেডের নাম, ট্রেড কোড এবং জেলা ভিত্তিক পদ সংখ্যা নিম্নরূপঃ**

ট্রেড নাম	ট্রেড কোড	জেলার নাম ও পদ সংখ্যা
১.কুক (ইউনিট)	১০১	ঢাকা-২২, মুন্সিগঞ্জ-৪, ফরিদপুর-৩, গাজীপুর-৮, নারায়ণগঞ্জ-৮, মানিকগঞ্জ-২, নরসিংদী-৪, রাজবাড়ী-১, কিশোরগঞ্জ-৭, বগুড়া-৬, জয়পুরহাট-১, নওগাঁ-৪, সিরাজগঞ্জ-৫, গাইবান্ধা-২, কুড়িগ্রাম-৪, কুমিল্লা-১৫, চাঁদপুর-৭, ব্রাহ্মণবাড়িয়া-৫, নোয়াখালী-৭, ফেনী-৫, লক্ষ্মীপুর-২, সিলেট-৯, মৌলভীবাজার-৫, সুনামগঞ্জ-৯, হবিগঞ্জ-৬, যশোর-৩, শরিয়তপুর-১২, মাদারীপুর-৬, গোপালগঞ্জ-৩, ঝিনাইদহ-৩, মাগুরা-১, চুয়াডাঙ্গা-১, মেহেরপুর-১, রাজশাহী-৪, চাঁপাইনবাবগঞ্জ-৪, নাটোর-২, পাবনা-৪, কুষ্টিয়া-৪, ময়মনসিংহ-১৩, টাঙ্গাইল-৬, জামালপুর-৪, শেরপুর-১, নেত্রকোনা-৬, রংপুর-৭, দিনাজপুর-৪, লালমনিরহাট-৩, নীলফামারী-৪, পঞ্চগড়-২, ঠাকুরগাঁও-৩, খুলনা-৫, সাতক্ষীরা-৫, বাগেরহাট-৩, নড়াইল-১, বরিশাল-৪, ভোলা-১২, ঝালকাঠি-১, পিরোজপুর-২, পটুয়াখালী-৪, বরগুনা-১, চট্টগ্রাম-১৬, খাগড়াছড়ি-৩, রাঙামাটি-৩, বান্দরবান-৩, কক্সবাজার-১০।
২.কুক (মেস)	১০২	ঢাকা-৩, মুন্সিগঞ্জ-১, গাজীপুর-২, নারায়ণগঞ্জ-২, নরসিংদী-১, কিশোরগঞ্জ-২, নওগাঁ-১, সিরাজগঞ্জ-১, গাইবান্ধা-১, কুড়িগ্রাম-১, কুমিল্লা-২, চাঁদপুর-১, নোয়াখালী-১, ফেনী-১, লক্ষ্মীপুর-১, সিলেট-১, মৌলভীবাজার-১, ময়মনসিংহ-১, টাঙ্গাইল-১, বরিশাল-১, ভোলা-১, চট্টগ্রাম-২, কক্সবাজার-১, শরিয়তপুর-১, ব্রাহ্মণবাড়িয়া-১
৩.কুক (হাসপাতাল)	১০৩	লালমনিরহাট-১
৪.ইকুইপমেন্ট এন্ড বুট রিপেয়্যার (ইএন্ডবিআর)	১০৪	ঢাকা-১, নারায়ণগঞ্জ-১, কুমিল্লা-১, চাঁদপুর-১, নোয়াখালী-১, সিলেট-১, যশোর-১, চাঁপাইনবাবগঞ্জ-১, ময়মনসিংহ-১, চট্টগ্রাম-১, ঝিনাইদহ-১, নেত্রকোণা-১, লালমনিরহাট-১, বরিশাল-১, ঝালকাঠি-১
৫.টেইলার	১০৫	মুন্সিগঞ্জ-১, ফরিদপুর-১, গাজীপুর-১, বগুড়া-১, সুনামগঞ্জ-১, মাদারীপুর-১, জামালপুর-১, বান্দরবান-১
৬.ব্যান্ডসম্যান	১০৬	ঢাকা-৩, গাজীপুর-২, নারায়ণগঞ্জ-২, নরসিংদী-১, কিশোরগঞ্জ-১, বগুড়া-১, নওগাঁ-১, সিরাজগঞ্জ-১, কুড়িগ্রাম-১, কুমিল্লা-২, চাঁদপুর-২, ব্রাহ্মণবাড়িয়া-১, নোয়াখালী-১, লক্ষ্মীপুর-১, সিলেট-১, মৌলভীবাজার-১, সুনামগঞ্জ-২, হবিগঞ্জ-১, শরিয়তপুর-১, মাদারীপুর-১, রাজশাহী-১, পাবনা-১, ময়মনসিংহ-১, টাঙ্গাইল-১, নেত্রকোনা-১, রংপুর-১, দিনাজপুর-১, নীলফামারী-১, সাতক্ষীরা-১, ভোলা-১, চট্টগ্রাম-১, কক্সবাজার-১।
৭.কার্পেন্টার	১০৭	ঢাকা-১, মুন্সিগঞ্জ-১, গাজীপুর-১, নোয়াখালী-১, ফেনী-১, সিলেট-১, যশোর-১, ময়মনসিংহ-১, নেত্রকোনা-১, খাগড়াছড়ি-১, রাঙামাটি-১, বান্দরবান-১, কক্সবাজার-১
৮.পেইন্টার ডেকোরেটর (পিডি)	১০৮	মানিকগঞ্জ-১, নরসিংদী-১, জয়পুরহাট-১, *সিরাজগঞ্জ-১, *কুড়িগ্রাম-১, মৌলভীবাজার-১, হবিগঞ্জ-১, *শরিয়তপুর-১, গোপালগঞ্জ-১, মাগুরা-১, রাজশাহী-১, পাবনা-১, কুষ্টিয়া-১, রংপুর-১, দিনাজপুর-১, *নীলফামারী-১, খুলনা-১, *সাতক্ষীরা-১, নড়াইল-১, *ভোলা-১, পটুয়াখালী-১, বরগুনা-১, খাগড়াছড়ি-১, রাঙামাটি-১, কক্সবাজার-১।
৯.পেইন্টার	১০৯	নওগাঁ-১, গাইবান্ধা-১, ব্রাহ্মণবাড়িয়া-১, ফেনী-১, লক্ষ্মীপুর-১, চুয়াডাঙ্গা-১, মেহেরপুর-১, নাটোর-১, টাঙ্গাইল-১, শেরপুর-১, পঞ্চগড়-১, ঠাকুরগাঁও-১, বাগেরহাট-১, বরিশাল-১, পিরোজপুর-১
১০.কাটিং এন্ড জয়েনিং (সিএন্ডজে)	১১০	খুলনা-১

***পেইন্টার ডেকোরেটর (পিডি) ট্রেড'এ তারকা চিহ্নিত জেলা সমূহ হতে মহিলা সৈনিক ভর্তি করা হবে।**

এসএমএস ও অনলাইন এর মাধ্যমে আবেদনের নিয়মাবলী-পুরুষ ও মহিলা

১ম ধাপঃ ■ ভর্তিচ্ছুক প্রার্থীকে প্রথমে টেলিটক প্রিপেইড সিমের মাধ্যমে আবেদন (এসএমএস) করতে হবে। এক্ষেত্রে মেসেজ অপশনে গিয়ে সৈনিক পদে ভর্তির জন্য নিম্নলিখিত তথ্যগুলো টাইপ করে ১৬২২২ নম্বরে এসএমএস প্রেরণ করতে হবেঃ (১) প্রথম এসএমএসঃ SAINIK<space>1ST THREE LETTERS OF SSC BOARD<space> ROLL <space>PASSING YEAR <space>DISTRICT CODE<space>TRADE CODE. উদাহরণঃ SAINIK DHA 236098 2019 34 101 (ঢাকা বোর্ডের জন্য DHA, কারিগরী বোর্ডের জন্য TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য BOU ইত্যাদি এছাড়া স্ব স্ব জেলার সামনে নিম্নবর্ণিত জেলা কোড এবং ক্রমিক নং-৭ এ উল্লিখিত ট্রেড কোড অনুযায়ী)। **২য় ধাপঃ** (২) প্রথম এসএমএস প্রেরণের পর প্রার্থীর তথ্য যাচাই বাছাই করতঃ টেলিটক কর্তৃক যোগ্য প্রার্থীকে একটি পিন নম্বর সম্বলিত এসএমএস প্রদান করা হবে। পিন নম্বর প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থী আবেদন করতে ইচ্ছুক হলে পুনরায় নিম্নবর্ণিতভাবে ২য় এসএমএস প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ২য় এসএমএস প্রেরণের সময় ভর্তি পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা কর্তন করা হবে বিধায় মোবাইল ব্যালেন্স ২০০/- টাকার অধিক থাকা আবশ্যক। দ্বিতীয় এসএমএসঃ SAINIK<space>YES<space>PIN NUMBER <space>CONTACT MOBILE NUMBER and send to 16222. উদাহরণঃ SAINIK YES 894098 01XXXXXXXXX and send to 16222.

মহিলা প্রার্থীদের ক্ষেত্রে SAINIK এর পরিবর্তে FSAINIK টাইপ করে প্রথম ও দ্বিতীয় এসএমএস প্রেরণ করতে হবে।

৩য় ধাপঃ ২য় এসএমএস প্রেরণের পর প্রার্থীকে টেলিটক কর্তৃক একটি USER ID ও Password প্রদান করা হবে। উক্ত USER ID ও Password দ্বারা http://sainik.teletalk.com.bd এ লগইন করে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদনের ক্ষেত্রে প্রার্থীর 300x300 (দৈর্ঘ্য ও প্রস্থ) pixel এর রঙিন ছবি আপলোড করতে হবে। ফাইল সাইজ সর্বোচ্চ ১০০ কেবি এর মধ্যে হবে। **প্রবেশপত্রঃ** (৮) অনলাইনে আবেদন ফরম পূরণের পর প্রার্থীকে প্রবেশপত্র প্রিন্ট করতে হবে। উল্লেখ্য, আবেদনের ৭২ ঘন্টার মধ্যে প্রবেশপত্র প্রিন্ট করতে ব্যর্থ হলে পরবর্তীতে প্রিন্ট করা যাবে না। (৯) প্রার্থী কর্তৃক পূরণকৃত সকল তথ্যই প্রবেশপত্রে প্রদর্শিত হবে। তাই প্রবেশপত্রসহ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। (১০) প্রত্যেক প্রার্থীকে নিজ নিজ ভর্তি পরীক্ষার ৭২ ঘন্টার পূর্বে টেলিটক কর্তৃক এসএমএস এর মাধ্যমে পরীক্ষার স্থান ও তারিখ জানানো হবে।

হেল্পলাইনঃ (১১) প্রার্থী USER ID ও Password হারিয়ে/ভুলে গেলে পুনরায় পাওয়ার জন্য এবং ভর্তি পরীক্ষার স্থান ও তারিখ নিজ উদ্যোগে জানার জন্য নিম্নলিখিত তথ্যগুলি টাইপ করে শুধুমাত্র টেলিটক মোবাইল হতে ৬৫৯৬ নম্বরে প্রেরণ করতে হবে সেক্ষেত্রে চার্জ অপ্রযোজ্য। তবে, পরীক্ষার ৭২ ঘন্টা পূর্বে প্রার্থীকে তার পরীক্ষার স্থান ও তারিখ টেলিটক এবং ০১৫৫২১৪৬০৬০/০১৫৫০১৫৫৫৫৫ নম্বর থেকে স্বয়ংক্রিয়ভাবে ৩/৪ টি এসএমএস এর মাধ্যমে জানানো হবে। SAINIK<space>HELP <space>SSC BOARD<space>ROLL<space>PASSING YEAR<space>DISTRICT CODE অথবা SAINIK <space>HELP<space>PIN<space>PIN NUMBER and send to 6596. উদাহরণঃ SAINIK HELP DHA 236098 2017 34 অথবা SAINIK HELP PIN 894098 and send to 6596. (১২) জরুরী প্রয়োজনে কল করুন ১২১ এ শুধুমাত্র টেলিটক নম্বর থেকে (Call 121, Then press 8, then press 1) যে কোন অপারেটর থেকে সরাসরি কল করুন ০১৫০০১২১১২১ এই নম্বরে অথবা ই-মেইল করুনঃ sainik@teletalk.com.bd.

জেলা কোটা অনুযায়ী লোক ভর্তি করা হবে। এক জেলার লোক অন্য জেলায় ভর্তি করা হবে না। ভাড়া বাসা/বর্তমান/অস্থায়ী ঠিকানাকে স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য করা হবে না। নিজস্ব পৈত্রিক স্থায়ী ঠিকানা ও নিম্নবর্ণিত জেলা কোড ব্যবহার করে আবেদন করুন।

জেলার নাম	জেলা কোড	জেলার নাম	জেলা কোড	জেলার নাম	জেলা কোড
				ঢাকা	৪০
পঞ্চগড়	০১	গোপালগঞ্জ	৪৭	গাজীপুর	৪১
ঠাকুরগাঁও	০২	মাদারীপুর	৪৮	নরসিংদী	৪২
দিনাজপুর	০৩	শরীয়তপুর	৪৯	নারায়ণগঞ্জ	৪৩
নীলফামারী	০৪	যশোর	২৩	মুন্সীগঞ্জ	৪৪
লালমনিরহাট	০৫	নড়াইল	২২	ফরিদপুর	৪৫
রংপুর	০৬	সাতক্ষীরা	২৪	রাজবাড়ী	৪৬
কুড়িগ্রাম	০৭	খুলনা	২৫	সুনামগঞ্জ	৫০
গাইবান্ধা	০৮	বাগেরহাট	২৬	সিলেট	৫১
জয়পুরহাট	০৯	পিরোজপুর	২৭	মৌলবীবাজার	৫২
বগুড়া	১০	ঝালকাঠি	২৮	হবিগঞ্জ	৫৩
নওগাঁ	১১	বরিশাল	২৯	ব্রাহ্মণবাড়িয়া	৫৪
সিরাজগঞ্জ	১৫	ভোলা	৩০	কুমিল্লা	৫৫
নাটোর	১২	পটুয়াখালী	৩১	চাঁদপুর	৫৬
নবাবগঞ্জ	১৩	বরগুনা	৩২	লক্ষ্মীপুর	৫৭
রাজশাহী	১৪	নেত্রকোনা	৩৩	নোয়াখালী	৫৮
পাবনা	১৬	ময়মনসিংহ	৩৪	ফেনী	৫৯
কুষ্টিয়া	১৭	শেরপুর	৩৫	চট্টগ্রাম	৬০
মেহেরপুর	১৮	জামালপুর	৩৬	কক্সবাজার	৬১
চুয়াডাঙ্গা	১৯	টাংগাইল	৩৭	খাগড়াছড়ি	৬২
ঝিনাইদহ	২০	কিশোরগঞ্জ	৩৮	রাঙ্গামাটি	৬৩
মাগুরা	২১	মানিকগঞ্জ	৩৯	বান্দরবান	৬৪

স্থায়ী স্বাস্থ্য সমস্যার জন্য একাধিকবার অযোগ্য বিবেচিত প্রার্থীগণকে আবেদন না করার জন্য অনুরোধ করা হলো। পরিচালক, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। **সূত্রঃ ইত্তেফাক ১৪.০১.২০২২ইং (পৃঃ ১৩)**

বাংলাদেশ রেলওয়েতে চাকরি

১ম পাতার পর

(চ) প্রার্থী কোন রেলওয়ে কর্মচারীর পোষ্য (পোষ্য অর্থ বাংলাদেশ রেলওয়ের স্থায়ী পদে অন্যূন ২০ বৎসর চাকুরি সম্পন্ন হয়েছে এরূপ কর্মরত বা অবসরপ্রাপ্ত (জীবিত বা মৃত) কর্মচারীর সন্তান ও বিধবা স্ত্রী বুঝাবে) হলে আবেদনকারীর সাথে কর্মরত বা অবসরপ্রাপ্ত (জীবিত বা মৃত) সম্পর্ক উল্লেখ পূর্বক নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ও বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরসহ প্রত্যয়নপত্র এবং পোষ্য সংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে। (২) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://br.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ৩০.০১.২০২২ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৬.০৩.২০২২ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন। Online আবেদন শেষে Download কৃত Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী Applicant Copy তে দেওয়া পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ৫৬/-টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদান শেষে প্রার্থীর মোবাইল ফোনে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। অনলাইন আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি) ও আহ্বায়ক, বিভাগীয় নির্বাচন/ পদোন্নতি কমিটি, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। বিজ্ঞপ্তিটি www.railway.gov.bd তে পাওয়া যাবে। **সূত্রঃ যুগান্তর ১৭/০১/২০২২ইং (পৃঃ ১২)**

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে চাকরি

১ম পাতার পর

৫.অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-**২জন** বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	(ক) অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা (গ) বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে ২০ ও ২০ শব্দ। (ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।
৬.অফিস সহায়ক-**১৪জন** বেতনঃ ৮২৫০-২০০১০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৭.পরিচ্ছন্নতাকর্মী-**১জন** বেতনঃ ৮২৫০-২০০১০/-	৮ম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেইঃ ক্রমিক নং ১-৫ পদের ক্ষেত্রে মাদারীপুর, গোপালগঞ্জ, বান্দরবান, খাগড়াছড়ি, ফেনী, রাঙ্গামাটি, রাজশাহী, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। ক্রমিক নং ৬-৭ পদের জন্য মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, টাঙ্গাইল, বান্দরবান, ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

১। প্রার্থীদের বয়স ১৯.০১.২০২২খ্রিঃ এ ন্যূনতম ১৮ বছর এবং ৩০ বছর তারা আবেদনের যোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর তারাও আবেদনের যোগ্য। (২) শুধু বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন। (৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হবেন না যদি তিনি- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন এবং (খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন। (৪) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান ও কোটানীতি অনুসরণ করা হবে। (৫) প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (৬) কর্মরত প্রার্থীদের অবশ্যই কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। তবে চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। (৭) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার, পুত্র-কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। (৮) ক্রমিক নং ১-৫ এর প্রয়োজনীয় ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। (৯) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://pid.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৯.০১.২০২২ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০২.০২.২০২২ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন। Online আবেদন শেষে Download কৃত Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী Applicant Copy তে দেওয়া পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ টেলিটক চার্জসহ ক্রমিক নং ১-৫ পদের জন্য ১১২/- টাকা এবং ৬-৭ পদের জন্য ৫৬/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদান শেষে প্রার্থীর মোবাইল ফোনে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। অনলাইন এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ইমেইল যোগাযোগ করা যাবে। সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) ও সদস্য সচিব, বিভাগীয় নিয়োগ কমিটি, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। www.pressinform.gov.bd. অস্থায়ী ভিত্তিতে নিয়োগ হবে।

সূত্রঃ যুগান্তর ১৭/০১/২০২২ইং (পৃঃ ১৩)

বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে চাকরি

১ম পাতার পর

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন। Online আবেদন শেষে Download কৃত Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী Applicant Copy তে দেওয়া পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ টেলিটক চার্জসহ ক্রমিক নং ১ পদের ক্ষেত্রে ৪৪৮/- টাকা এবং ২-৩ পদের ক্ষেত্রে ১১২/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদান শেষে প্রার্থীর মোবাইল ফোনে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা যে কোন টেলিটক অপারেটরের ফোন নম্বর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে কল করা যাবে। এছাড়া vas.query@teletalk.com.bd এবং btbnto@gmail.com বর্ণিত ২টি ই-মেইলে যোগাযোগ করা যাবে। বিজ্ঞপ্তিটি www.tourismboard.gov.bd তে পাওয়া যাবে। (২) **নিয়োগ পরীক্ষা ও প্রার্থী যাচাই সংক্রান্ত নির্দেশাবলি ও শর্তাবলীঃ** শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নলিখিত কাগজপত্র (১ সেট মুলকপি ও ১সেট সত্যায়িত কপি) মৌখিক পরীক্ষার সময় দাখিল করবেনঃ (ক) সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (গ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি (ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র (ঙ) মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সুস্পষ্ট প্রত্যয়নপত্র (চ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ছ) **মৌখিক পরীক্ষার সময় প্রবেশপত্র ও Applicants Copy সঙ্গে আনতে হবে।** (৩) লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে এসএমএস এর মাধ্যমে ও বিটিবি এর ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে। (৪) বয়স ১৮.০২.২০২২খ্রি. তারিখে ক্রমিক নং ১-৩ পদের জন্য সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা কোটায় ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স গণনার ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। (৫) প্রতিবন্ধী, এতিম, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। (৬) চাকুরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে। (৭) নিয়োগের বিষয়ে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। উপপরিচালক (প্রশাসন ও সমন্বয়) ও সদস্য সচিব, নিয়োগ কমিটি, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, ফোনঃ (০২) ৪৪৮২ ৬৫৪৪। পর্যটন ভবন (৯ম ও ১০ম তলা), প্লট-ই/৫-সি/১, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭। অস্থায়ীভিত্তিতে লোক নিয়োগ করা হবে। **ইতঃপূর্বে আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। সূত্রঃ ইত্তেফাক ১৭/০১/২০২২খ্রিঃ (পৃঃ ৭)**

সিলেটে আবশ্যকঃ জুলাই আদর্শ উচ্চ বিদ্যালয়, কানাইঘাট, সিলেটের জন্য অফিস সহায়ক (জে.এস.সি/ জে.ডি.সি/ সমমান) পদে একজন লোক আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবরে ৩০০/- টাকার ব্যাংক ড্রাফট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করুন। নিরাপত্তাকর্মী পদে পূর্বে যারা আবেদন করেছেন তারা পূর্বে যারা আবেদন করেছেন তারা অফিস সহায়ক পদে ব্যাংক ড্রাফট ব্যতীত পুনরায় আবেদন করতে হবে। প্রধান শিক্ষক। **সূত্রঃ যুগান্তর ১৮/০১/২২ইং**

ময়মনসিংহে আবশ্যকঃ নবারূণ বিদ্যানিকেতন, পোঃ ও উপজেলা-মুক্তাগাছা, জেলা-ময়মনসিংহ এর জন্য সর্বশেষ জনবল কাঠামো ২০২১ ও এমপিও নীতিমালা অনুসারে সরকার কর্তৃক সৃষ্ট শূন্যপদে সরকারি বিধিমোতাবেক একজন নৈশপ্রহরী আবশ্যক। প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং অগ্রণী ব্যাংক মুক্তাগাছা শাখার সঞ্চয়ী হিসাব নং-৩৪০০০৩১৪ এর অনুকূলে ১০০০/- টাকার পে-অর্ডার/ ডিডিসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে। পূর্বের আবেদনকারীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রধান শিক্ষক। **সূত্রঃ সমকাল ১৮/০১/২২ইং**

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চাকরি

১ম পাতার পর

৪.বাস ড্রাইভার-২জন বেতনঃ ৯৭০০-২৩৪৯০/-	কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতাসহ হেভি ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। বয়স অনুর্ধ্ব ৩০ বছর
৫.বাস হেলপার-২জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণি পাশ। বয়স অনুর্ধ্ব ৩০ বছর।

***উপর্যুক্ত শর্ত পূরণ সাপেক্ষে গত ২১/০৫/২০১৯ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৬৫৬ স্মারকমূলে প্রকাশিত সহকারী পরিচালক (অডিট) পদে এবং গত ০৫/০১/২০২১ইং তারিখের পাবিপ্রবি/ সংস্থাপন/২৮২/৪৪ স্মারকমূলে প্রকাশিত সহকারী পরিচালক (বিল ও ক্যাশ) ও সহকারী পরিচালক (জনসংযোগ ও প্রকাশনা) পদে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১। আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ৬-০২-২০২২ইং। সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা বরাবরে উক্ত তারিখের (৬ ফেব্রুয়ারি ২০২২ইং) মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯.০০ থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে। (২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট www.pust.ac.bd এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবেঃ (ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (চ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার। (৩) (ক) সকল পদের প্রার্থীদের জন্য ৮ সেট আবেদনপত্র জমা দিতে হবে। (খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- টাকা ডাকটিকেটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে। (৪) কর্মকর্তা পদে অভ্যন্তরীণ/বিভাগীয় প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ব্যতীত নিয়োগ নীতিমালার যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। (৫) ক্রমিক নং ১-৩ পদের আবেদনের বেলায় গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে প্রথম শ্রেণির সমমান বলতে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য কমপক্ষে ৩.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ৩.০০ বুঝাবে এবং দ্বিতীয় শ্রেণির সমমান বলতে এস.এস.সি/ সমমান ও এইচ.এস.সি/ সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য ২.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ২.২৫ বুঝাবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড (৫.০০ এর মধ্যে ২.৫০ এবং ৪.০০ এর মধ্যে ২.২৫) এর নিচে গ্রহণযোগ্য হবে না এবং বিদেশী ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক সমতূল্য সনদ থাকতে হবে/ বিশ্ববিদ্যালয়ের সমতূল্য সনদ কর্তৃক সুপারিশকৃত হতে হবে। (৬) ক্রমিক নং ৪-৫ পদের আবেদনের ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যে কোন একটি শিথিলযোগ্য। (৭) এই বিশ্ববিদ্যালয়ের ৭/১০/২০২১ইং তারিখের পূর্বে চুক্তিভিত্তিক পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। (৮) চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৯) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। (১০) প্রত্যেক প্রার্থীর তার প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে। (১১) পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে ১-৩নং পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং ৪-৫ নং পদের প্রার্থীদের ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে। অধিকতর যোগ্যতা সম্পন্ন/বিভাগীয় প্রার্থী/পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

সূত্রঃ প্রথমআলো ১৬/০১/২০২২ইং (পৃঃ ১৩)

জেলা প্রশাসকের কার্যালয়, পাবনায় চাকরি

১ম পাতার পর

১। পাবনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। (২) বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। (৩) জেলা প্রশাসক, পাবনা বরাবর আবেদন করতে হবে। (৪) বিভাগীয়/চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। (৫) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে। (ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র (গ) ১ কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে। (ঘ) জাতীয় পরিচয়পত্রের মূলকপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। (ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ বিজ্ঞপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd সংরক্ষিত/প্রকাশিত [(ক) ভারতীয় তালিকা (খ) লাল মুক্তিবার্তা (গ) গেজেট (ঘ) বাহিনী গেজেট (ঙ) শহীদ গেজেট, (চ) খেতাবপ্রাপ্ত (ছ) যুদ্ধাহত] যেকোন একটি প্রমাণক দাখিল করতে হবে। উক্ত প্রমাণকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে। (চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবেঃ (ক) প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা (খ) মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা (গ) যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ (ঘ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতি/নাতনির ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) (ঙ) মুক্তিযোদ্ধার জন্ম তারিখ (১) জন্মনিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ (২) জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ (৩) এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ (৪) জন্মনিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ (চ) মন্তব্য।

(ছ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক। (জ) শর্টহ্যান্ড (প্রযোজ্য ক্ষেত্রে) ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র (ঝ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)। (৬) মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ১ জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। (৭) লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ১ সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে। (৮) প্রার্থীর বয়স ১-০২-২০২২খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (৯) নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। (১০) **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dcpabna.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০১.০২.২০২২ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮.০২.২০২২ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন। Online আবেদন শেষে Download কৃত Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী Applicant Copy তে দেওয়া পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ টেলিটক চার্জসহ ১১২/-টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদান শেষে প্রার্থীর মোবাইল ফোনে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। বিজ্ঞপ্তিটি http://www.pabna.gov.bd ওয়েবসাইট এবং http://dcpabna.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করেও পাওয়া যাবে। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে যেকোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ নম্বরে অথবা ই-মেইল vas.query@teletalk.com.bd এ যোগাযোগ করা যাবে। জেলা প্রশাসক, পাবনা। ফোন নম্বরঃ +৮৮০২৫৮৮৮৪৫৪৯৯ (অফিস)।

সূত্রঃ সমকাল ১৬/০১/২০২২ইং (পৃঃ ১০)

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে চাকরি

১ম পাতার পর

৫.কোয়ালিটি কন্ট্রোল অফিসার/ ট্রান্সলেটর বেতনঃ ২৪৭০০/-	১.স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী। (২) গবেষণায় কোয়ালিটি কন্ট্রোল অফিসার কাজে নূন্যতম ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (৩) আবেদনকারী প্রার্থীদের মধ্য থেকে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্যানেল তৈরী করা হবে। (৪) নিপোর্টের সংশ্লিষ্ট গবেষণা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার।
৬.ডাটা এনালিস্ট বেতনঃ প্রতিদিন ৩০০০/- হারে সম্মানী তবে একটি প্রতিবেদনের জন্য একজন সর্বোচ্চ ৪০ দিনের বেশী সময় পাবেন না	১.প্রথম শ্রেণি বা সমপর্যায়ের কর্মকর্তা অথবা কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় নিয়োজিত। (২) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম মাষ্টার ডিগ্রী। (৩) গবেষণার ডাটা এনালাইসিস কাজে নূন্যমত ৫ বছরের অভিজ্ঞতা। (৪) আবেদনকারী প্রার্থীদের মধ্য থেকে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্যানেল তৈরী করা হবে। (৫) নিপোর্টের সংশ্লিষ্ট গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার
৭.রিভিউয়ার বেতনঃ প্রতিদিন ৩০০০/- টাকা হারে সম্মানী তবে একটি প্রতিবেদনের জন্য একজন সর্বোচ্চ ৪০ দিনের বেশী সময় পাবেন না	১.প্রথশ শ্রেণি বা সমপর্যায়ের কর্মকর্তা অথবা কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় নিয়োজিত। (২) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম মাষ্টার ডিগ্রী। (৩) প্রতিবেদন রিভিউ কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা। (৪) আবেদনকারী প্রার্থীদের মধ্য থেকে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্যানেল তৈরী করা হবে। (৫) নিপোর্টের সংশ্লিষ্ট গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার
৮.প্রতিবেদন সম্পাদক বেতনঃ প্রতিদিন ৩০০০/- হারে সম্মানী তবে একটি প্রতিবেদনের জন্য একজন সর্বোচ্চ ৪০ দিনের বেশী সময় পাবেন না	১.প্রথম শ্রেণি বা সমপর্যায়ের কর্মকর্তা অথবা কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় নিয়োজিত। (২) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম মাষ্টার ডিগ্রী। (৩) প্রতিবেদন সম্পাদনা কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (৪) আবেদনকারী প্রার্থীদের মধ্য থেকে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্যানেল তৈরী করা হবে। (৫) নিপোর্টের সংশ্লিষ্ট গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার

১.আবেদনকারী প্রার্থীকে পরিচালক (গবেষণা) সিসি এবং লাইন ডাইরেক্টর, ওপি-টিআরডি, নিপোর্ট বরাবরে লিখিত আবেদনপত্র নিম্নোক্ত বিবরণ সহ আগামী ৩০-০১-২০২২ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে দাখিল করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) মোবাইল নম্বর (ছ) জন্ম তারিখ (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শিক্ষা বর্ষ, পাশের তারিখ ও বিভাগ/শ্রেণি এবং (ঞ) অভিজ্ঞতার প্রকৃতি উল্লেখ করে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত পেশ করতে হবে। (২) আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের দুই কপি ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি দিতে হবে (৩) পদ অনুযায়ী সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় নিপোর্ট ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সাক্ষাৎকারের সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদ এবং আবেদনপত্রে উল্লিখিত অভিজ্ঞতার মূল সনদ দেখাতে হবে। (৪) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, উপজাতীয় ও অন্যান্য ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে বিদ্যমান সরকারী বিধি বিধান প্রযোজ্য হবে। (৫) দরখাস্তের খামের উপর সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২১৫। সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ হবে।

সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ১৫/০১/২২ইং(পৃঃ ৬)

কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল বগুড়ায় চাকরি

১ম পাতার পর

তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার স্থায়ী বাসিন্দা আবেদন করতে পারবেন। (১) বয়সসীমা ১৮-৩০ বছর। যে সকল প্রার্থীর বয়স ৩১-১২-২০২১ তারিখে বর্ণিত বয়সসীমার মধ্যে থাকবে তারা আবেদনের যোগ্য বিবেচিত হবেন। তবে ২৫-০৩-২০২০ তারিখে যারা সর্বোচ্চ বয়সসীমায় পৌছেছেন তারাও আবেদন করতে পারবেন। এক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের সর্বোচ্চ বয়সসীমা হবে ১৮-৩২ বছর। (২) চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। (৩) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। (৪) **প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।** (ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ) (খ) নাগরিকত্বের সনদপত্র (গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি (ঘ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের সত্যায়িত অনুলিপি (চ) অনলাইন এ পূরণকৃত আবেদনপত্রের কপি ও Admit Card. (ছ) আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। (জ) গাড়ীচালক পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি (৫) সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে। (৬) সরকারি নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে (৭) নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল নীতিমালা অনুসরণ করা হবে। (৮) লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে দৈনিক পত্রিকা ও এ কর অঞ্চলের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। (৯)**আবেদন ফরম পুরণ সংক্রান্ত নিয়মাবলিঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://TAXBOG.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৬.০১.২০২২ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৮.০২.২০২২ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন। (ঘ) **SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online এ আবেনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৪ পদের জন্য ১১২/- টাকা এবং ক্রমিক নং ৫-৭ পদের জন্য ৫৬/-টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। **প্রথম SMS**: TAXBOG<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: TAXBOG ABCDEF, Reply: Applicant's Name, TK.112/56.00 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type TAXBOG<space> yes<space>PIN and send to 16222. **দ্বিতীয় SMS:** TAXBOG<space>YES<space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: TAXBOG YES 12345678 Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for TAXBOG Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx). (ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://taxbog.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধান নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস রিড করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। (চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবশ্যই এই প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় সময় প্রদর্শন করতে হবে। (ছ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। i. User ID জানা থাকলে TAXBOG<space> Help <space>User<space>User ID & Send to 16222. Example: TAXBOG HELP USER ABCDEF and Send to 16222 ii. PIN Number জানা থাকলে TAXBOG <space> Help<space>PIN<space>PIN No & send to 16222. Example: TAXBOG HELP PIN 12345678 Send to 16222। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা ctbogra2011@gmail.com বা alljobs.query@teletalk. com.bd এ মেইল করা যেতে পারে। উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-বগুড়া ও সদস্য সচিব, বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি, কর অঞ্চল-বগুড়া, বাড়ী নং ১৩, রোড নং-১, উপশহর, বগুড়া। ফোন নং-০৫১-৬০৬৪৫।

সূত্রঃ যুগান্তর ১৪/০১/২০২২ইং (পৃঃ ৫)

বি এল ডি ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ◆ স্কুল কোড : ১৩৫৭ ◆ কলেজ কোড : ১১৪২ EIIN NO. 134716

ব্রাইট স্কুল অ্যান্ড কলেজ

প্রধান ক্যাম্পাস : ৬৪৮, সরাই, ধনিয়া ঢাকা। ফোন : ০১৭৯৯৯৬৮৭৭৭, *E-mail : bright.school03@gmail.com*

একাদশ শ্রেণিতে ২০২১-'২২ শিক্ষাবর্ষে সকল বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তি চলছে

বিএলডি ফাউন্ডেশনের তত্ত্বাবধানে অসহায় ও মেধাবী A^+ প্রাপ্ত শিক্ষার্থীদের (ঢাকার বাইরের) আবাসিক সুবিধাসহ বৃত্তির সুব্যবস্থা। ইঞ্জিনিয়ারিং, মেডিকেল ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির আগ পর্যন্ত এ সুবিধা বিদ্যমান। **(বিশেষ প্রয়োজনে : ০১৭১১২৪৫৮৯৭)**

১ম ব্যাচেই ব্রাইট কলেজের সাফল্য

বুয়েটে ১ জন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪ জন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২ জন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১ জন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১ জন, বুটেক্সে ২ জন, কৃষি বিশ্ববিদ্যালয়ে ৩ জন, অন্যান্য বিশ্ববিদ্যালয়ে (গুচ্ছ) ৫ জন এবং গুচ্ছ ইঞ্জিনিয়ারিংয়ে ১ জন।

নিয়োগ বিজ্ঞপ্তি	**কলেজ শাখা**	বাংলা, রসায়ন, পদার্থবিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, সমাজকর্ম, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (প্রতি বিষয়ে ২ জন)। **যোগ্যতা :** বিষয়ভিত্তিক অনার্সসহ স্নাতকোত্তর। * **হোস্টেল সুপার ২ জন। (অবসরপ্রাপ্ত নন কমিশন্ড সেনা অফিসারদের অগ্রাধিকার)**

আবেদনের শেষ দিন : ৩ ফেব্রুয়ারি ২০২২। লিখিত পরীক্ষা : ৪ ফেব্রুয়ারি সকাল ১০টা। প্রবেশপত্র দেয়া হবে ঐদিন সকাল ৮টা। প্রিন্সিপাল

WALK IN INTERVIEW

SEMCO PHARMA is a fastest growing company in pharmaceuticals sector in Bangladesh. We are looking for eligible male candidates for the following positions in **Animal Health Division.**

Post Name	Qualification
Marketing Officer	Graduate in any discipline and must have Motor Cycle. Age should be below 32 years.
Area Sales Manager	Graduate in any discipline with 2 years' experience in pharmaceutical sales. Age should be below 45 Years.

Benefits: Competitive salary package with other facilities.

- Interested candidates are invited to attend **WALK-IN-INTERVIEW** at the corporate office on **30 & 31 January, 22 from 10:00 am. to 3:00 pm.** with BIO-DATA and all essentials documents. Selected candidates will have to sit for two days training programme.

Corporate Office: 126(Commercial Space), Muktobangla Shopping Complex(6th Floor), Mirpur-1, Dhaka-1216.
Help Line: 1958424103, 01911092552 (Between 9:00 am. to 5 pm.)

জেলা পরিষদ কার্যালয়, ভোলায় চাকরি

স্মারক নং-জেপ-ভোলা/প্রশাঃশাঃ/২০২২/৭৫৮ তারিখঃ ১৬-০১-২০২২খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.বার্তা বাহক-১জন বেতনঃ গ্রেড-২০তম	ন্যূনতম অষ্টম শ্রেণী/এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
২.ইলেকট্রিশিয়ান-১জন বেতনঃ গ্রেড-২০তম	এসএসসি। সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৬ মাস মেয়াদী ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশের সনদপত্র

বয়সসীমা ১৮-৩০ বছর। তবে উপজাতি এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। (১) আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা এর বরাবরে আগামী ৩০/০১/২০২২খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি জেলা পরিষদ, ভোলা কার্যালয়ে পৌছাতে হবে। (২) ২৫/১১/২০২১খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (৩) দরখাস্তের সাথে নিম্নলিখিত বিবরণ থাকতে হবে। (ক) নাম (স্পষ্ট অক্ষরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ২৫/১১/২০২১খ্রিঃ তারিখের বয়স (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (৪) দরখাস্তের সাথে নিম্ন লিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ (ক) নাগরিকত্ব সনদপত্র (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (গ) পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি (ঘ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা এর অনুকূলে ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সংযুক্ত করতে হবে। (ঙ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ১ কপি দাখিল করতে হবে। (৪) কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা যথাযথ অনুসরণ করা হবে। (৫) চাকুরিরত প্রার্থীদের তাদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে অত্রাফিসে দাখিল করতে হবে। (৬) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মুলকপি প্রদর্শন করতে হবে। (৭) ইতিপূর্বে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের আবেদন বহাল থাকবে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, ভোলা। ফোন: ০৪৯১-৬১৩৫১। E-mail: ceo@zpbhola.gov.bd অস্থায়ী নিয়োগ হবে।

সূত্রঃ যুগান্তর ১৮/০১/২০২২ইং (পৃঃ ৭)

বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ এ চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.এক্সিকিউটিভ (মার্কেটিং)-১জন বেতনঃ ৯ম গ্রেডে (আলোচনা সাপেক্ষে) অস্থায়ী ভিত্তিক	ক.বিবিএ ও এমবিএ (মার্কেটিং) ডিগ্রিধারী। (খ) সরকারী/ স্বায়ত্তশাসিত/সুপ্রতিষ্ঠিত বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে এক্সিকিউটিভ পদে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার
২.সেলস্ প্রতিনিধি (মার্কেটিং)-২জন বেতন ও ভাতা আলোচনা সাপেক্ষে। চুক্তি ভিত্তিক	ক.বিবিএ (মার্কেটিং) ডিগ্রিধারী। (খ) সরকারী/ স্বায়ত্তশাসিত/ সুপ্রতিষ্ঠিত বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন।

১। আবেদনকারীর বয়স ৩১-০১-২০২২ তারিখে ক্রমিক নং ১ এর ক্ষেত্রে অনুর্ধ্ব ৩২ বৎসর এবং ক্রমিক নং ২ এর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বৎসর। (২) আগ্রহী প্রার্থীদেরকে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বৈবাহিক অবস্থা, মোবাইল নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ পূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত সহ আবেদন করতে হবে। (৩) আবেদনপত্রের সাথে গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত ডকুমেন্টস সংযুক্ত করতে হবেঃ (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র সমূহের কপি। (খ) জাতীয় পরিচয়পত্রের কপি (গ) মুক্তিযোদ্ধার সন্তান কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা পিতা/মাতার সনদপত্রের কপি (ঘ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন/ পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/ মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যায়ন পত্রের কপি। (ঙ) এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে প্রয়োজনীয় সনদপত্রের কপি (চ) সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট আকারের ছবি (ছ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (৪) সকল আবেদনপত্র "ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড, গাজীপুর, গাজীপুর সেনানিবাস, জয়দেবপুর, গাজীপুর-১৭০০" বরাবর আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে পৌছাতে হবে। (৫) কর্মরত প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে এনওসি (NOC) সংযুক্ত করতে হবে। (৬) একজন প্রার্থী একটিমাত্র পদের জন্য আবেদন করতে পারবেন। প্রার্থীগণ যে পদের জন্য আবেদন করতে ইচ্ছুক সে পদের নাম পদের উপর স্পষ্ট করে লিখতে হবে। (৭) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে মোবাইল/ই-মেইল/ডাক/কুরিয়ার যোগে জানানো হবে। এছাড়া এতদসংক্রান্ত তথ্যের জন্য কোম্পানির ওয়েবসাইট www.bdp.gov.bd ভিজিট করা যেতে পারে। মেজর, পক্ষে ব্যবস্থাপনা পরিচালক।

সূত্রঃ ইত্তেফাক ১৫/০১/২০২২ইং (পৃঃ ৪)

আপনি কি ঘরে বসেই ডাক যোগে
সাপ্তাহিক চাকরির খবর লক্ষ বেকারের প্রিয় পত্রিকা
পত্রিকা পেতে চান?

তাহলে আজই চাকরির খবর পত্রিকার গ্রাহক হোন।

ত্রৈমাসিক	ডাকযোগে	৬০.০০ টাকা
ষান্মাসিক	"	১২০.০০ টাকা
বাৎসরিক	"	২৪০.০০ টাকা

নাম, ঠিকানা (পোস্ট কোড সহ) ও মোবাইল নম্বর স্পষ্টাক্ষরে লিখে নিম্ন ঠিকানায় মানি অর্ডার করুন।

সম্পাদক
সাপ্তাহিক চাকরির খবর লক্ষ বেকারের প্রিয় পত্রিকা
৭১, ফকিরাপুল (৩য় তলা), ইয়াছিন টাওয়ার, ফকিরাপুল বাজার বড় মসজিদের অপর পার্শ্বে, মতিঝিল, ঢাকা-১০০০।

Way Housing Pvt. Limited

Level-02, 15/2, Road no-03, Dhandmondi, Dhaka.

Job Opportunity

Name of Post : **Sr. Executive** (Sales & Marketing)
Vacancy : 03
Salary : 55,000/-
Zone : Noakhali, Lakshmipur, Chandpur & Dhaka.
Qualification : BBA/MBA (Marketing) DU/CU/ be any recognized university.

Name of Post : **Assistant Sales Manager** (Sales & Marketing)
Vacancy : 03
Salary : 65,000/-
Zone : Noakhali, Lakshmipur, Chandpur & Dhaka.
Qualification : BBA/MBA (Marketing) DU/CU/ be any recognized university.

Name of Post : **Assistant Manager** (HR)
Vacancy : 01
Salary : 45,000/-
Zone : Head Office.
Qualification : BBA/MBA (Human Rescores) DU/CU/ be any recognized university.

Dhaka/Chittagong University will have higher priority.

Contact E-mail: **monoar.whpl@gmail.com**
Last date of application: **30.01.2022**

লাজ ফার্মা লিমিটেডে নিয়োগ বিজ্ঞপ্তি

গাউছিয়া ভুলতা শাখাসহ বাংলাদেশের সকল লাজফার্মা শাখার জন্য প্রযোজ্য

পদের নাম	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.ফার্মাসিস্ট (A Grade)-৩ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে (B.pharm) এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল হতে রেজিস্ট্রেসন প্রাপ্ত।
২.ফার্মাসিস্ট (B এবং C Grade) ২০ জন	স্বীকৃত ইন্সটিটিউট হতে ফার্মেসিতে ডিপ্লোমা ডিগ্রি এবং স্বনামধন্য ফার্মেসিতে (২-৩) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হবে। ঔষধ বিক্রয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

সকল পদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে।
ঠিকানা: ৬৩/সি, লাজ সেন্টার, লেক সার্কাস, পশ্চিম পান্থপথ, কলাবাগান, ঢাকা-১২০৫।
মোবাইল নাম্বার-০১৮৩৫-৩১৫৯৬৮। **ই-মেইলঃ** lazzcorporate@gmail.com

---

আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ এ চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
ট্রেড মার্কেটিং রিপ্রেজেন্টেটিভ বেতনঃ ১৩০০০/- টি.এ-ডি.এঃ প্রতি কর্ম দিবসে ১০০/- টাকা।	ন্যূনতম এইচএসসি বা সমমান পাশ। সেলস/প্রোমোশন এর কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার। Official Mobile Apps ব্যবহারের উপযোগী নিজস্ব Android Mobile Phone থাকতে হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর।

আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ, ২৮৮, সালাম ভবন, ট্রাঙ্ক রোড (পাসপোর্ট অফিসের উত্তর পাশে), নোয়াপাড়া, কুমিল্লা	২২-১-২২ সকাল ১০টা থেকে ১২টা
আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ, ফুড গার্ডেন রেস্টুরেন্ট এন্ড পার্টি সেন্টার, মুক্তিযোদ্ধা মার্কেট (৪র্থ তলা), মেইন রোড, চক চাজার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।	২২-০১-২২ সকাল ৯টা থেকে ১১টা

আগ্রহী প্রার্থীদের নিজ নিজ জীবনবৃত্তান্ত, দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ উপরোক্ত ঠিকানায় উপস্থিত হয়ে সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্যে অনুরোধ করা যাচ্ছে। **সূত্রঃ বাংলা: প্রতিদিন ১৫/০১/২০২২ইং (পৃঃ ৭)**

অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষে চাকরি

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭/১৫২ তারিখ: ১২/০১/২২খ্রি.
নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০২২

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.সহকারী পরিচালক (মেরিন সেফটি)-২জন বেতনঃ ২২০০০-৫৩০৬০/-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নৌ-যান ও নৌ-যন্ত্র কৌশলে বা নৌ-স্থাপত্যে ১ম শ্রেণির স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

১। বয়স ০১/০১/২০২২ তারিখে ২১-৩০ বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়স ৩০ বৎসর। (২) আগ্রহী প্রার্থীদেরকে ৩১/০১/২০২২ তারিখ পর্যন্ত শুধুমাত্র www.jobsbiwta.gov.bd এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে। (২) আবেদন করার সময় ফরম পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী www.jobsbiwta.gov.bd সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএর বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ বর্ণিত পদের জন্য ৩২০/- টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে, অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিভাবে বাতিল হয়ে যাবে। (৫) আবেদনকারীকে নিজ নিজ Applied ID ব্যবহার করে www.jobsbiwta.gov.bd ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে। (৬) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে। (৭) চাকুরিরত প্রার্থীগণকে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে চাকুরিরত প্রতিষ্ঠানের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে। (৮) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। (৯) বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে। যুগ্ম-পরিচালক (মানব সম্পদ), বিআইডব্লিউটিএ, ঢাকা। ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

সূত্রঃ ইত্তেফাক ১৫/০১/২০২২ইং (পৃঃ ৫)

বাংলাদেশ জাতীয় জাদুঘরে চাকরি

বাংলাদেশ জাতীয় জাদুঘরের রাজস্বখাতে স্থায়ীপদে ফিল্ম এডিটর ১টি, প্রকাশনা সহকারী ১টি, স্বাধীনতা জাদুঘরের রাজস্বখাতে সৃজনকৃত অস্থায়ী পদে সহকারী কীপার (ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা) ১টি, উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ১টি, প্রদর্শক প্রভাষক ১টি, হিসাবরক্ষক ১টি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-১টি, বিক্রয় সহকারী-১টি, ইলেকট্রিশিয়ান-১টি, প্রজেকশন অপারেটর (অডিওভিজুয়াল)-১টি, সাউন্ড অপারেটর-১টি, লাইট অপারেটর-১টি, সাউন্ড এসিস্ট্যান্ট-১টি, অফিস সহায়ক-২টি এবং সাংবাদিকতা কাঙ্গাল হরিনাথ স্মৃতি মিউজিয়ামের রাজস্বখাতে সৃজনকৃত অস্থায়ী পদে সংরক্ষণ সহকারী-১টি, হিসাব সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-১টি, লাইব্রেরী এটনডেন্ট-১টি, অফিস সহায়ক-১টি মোট-১৯জন।
বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী উপযুক্ত প্রার্থীগণকে বাংলাদেশ জাতীয় জাদুঘরের ওয়েবসাইট http://www.bangladeshmuscum.gov.bd এবং টেলিটক লিমিটেড এর ওয়েবসাইট http://bnm.teletalk.com.bd মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd এ সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। যে কোনো ব্যাখার জন্য নিম্নবর্ণিত ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। ০২২২৩৩৬৪৭৯৬/ ০২২২৩৩৬৫৫৯৬। সচিব (যুগ্মসচিব), বাংলাদেশ জাতীয় জাদুঘর।

সূত্রঃ ইত্তেফাক ১৪/০১/২০২২ইং (পৃঃ ১৫)

SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

শক্তি ফাউন্ডেশন ফর ডিসএ্যাডভান্টেজড উইমেন

(নারীর ক্ষমতায়নে শক্তি ফাউন্ডেশন)

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিষ্ঠাতা ঃ মরহুম জাকির হোসেন

"শক্তি ফাউন্ডেশন ফর ডিসএ্যাডভান্টেজড উইমেন" একটি ক্ষুদ্রঋণ সংস্থা (এমআরএ সনদ নং ০০১৭৬-০০০৫৯-০০০১৮) যা ১৯৯২ সাল থেকে সুবিধাবঞ্চিত মহিলাদের দারিদ্র বিমোচনে কাজ করে আসছে। **সংস্থার কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে চট্টগ্রাম বিভাগ (চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবন, রাঙামাটি, কুমিল্লা, নোয়াখালী, ফেঁনী, চাঁদপুর, লক্ষীপুর), খুলনা বিভাগ (খুলনা, বাগেরহাট, যশোর, ফরিদপুর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা) এবং ঢাকা বিভাগের (ঢাকা, গাজীপুর, নরসিংদী, ব্রাহ্মণবাড়ীয়া, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ) জেলাসমুহের প্রার্থীদের নিকট হতে অগ্রাধিকার ভিত্তিতে মাইক্রোফাইন্যান্স, ক্ষুদ্র উদ্যোগ ঋণ (SME) এবং হেলথ প্রোগ্রামে নিম্নোক্ত পদের জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে।** এছাড়াও অন্যান্য জেলার প্রার্থীরাও আবেদন করতে পারবেন।

মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম (MFP)

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	বয়স	অভিজ্ঞতা	পদ সংখ্যা	মাসিক প্রশিক্ষণ ভাতা (প্রশিক্ষনণকাল - ৩ মাস)	মাসিক বেতন ও ভাতা প্রশিক্ষণ পরবর্তী (স্থায়ীকরণের পরে)
০১	ট্রেইনি ক্রেডিট অফিসার	স্নাতক	সর্বোচ্চ ৩২ বছর	অভিজ্ঞতার প্রয়োজন নেই।	৩০০ জন	১০,০০০ টাকা	২০,০০০ টাকা

প্রশিক্ষণকাল: নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা তিন মাস ট্রেইনি ক্রেডিট অফিসার পদে প্রশিক্ষণে থাকবেন। সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারীদেরকে তিন মাস পরে ক্রেডিট অফিসার পদে স্থায়ীকরণ করা হবে।

মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম (MFP)

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	বয়স	অভিজ্ঞতা	পদ সংখ্যা	মাসিক বেতন ও ভাতা (শিক্ষানবিশকালে)	মাসিক বেতন ও ভাতা (স্থায়ীকরণের পরে)
০২	অ্যাকাউন্টেন্ট	স্নাতক/স্নাতকোত্তর (অ্যাকাউন্টিং/ ফিন্যান্স/ ম্যানেজমেন্ট)	সর্বোচ্চ ৩২ বছর	ক্ষুদ্রঋণ কার্যক্রমে (শাখা পর্যায়ে) অ্যাকাউন্টেন্ট / হিসাবরক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	৮০ জন	২০,০০০ টাকা	২২,০০০ টাকা
০৩	এমই সুপারভাইজার	স্নাতক/ স্নাতকোত্তর	সর্বোচ্চ ৪০ বছর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্র উদ্যোগ ঋণ/এন্টারপ্রাইজ ঋণ/এসএমই কর্মকর্তা পদে ২ বছরের অভিজ্ঞতাসহ ৪ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।	১০ জন	৩০,৩০০ টাকা থেকে ৩৬,৭০০ টাকা	৩২,৮০০ টাকা থেকে ৩৮,৩০০ টাকা
০৪	শাখা ব্যবস্থাপক	স্নাতক/ স্নাতকোত্তর	সর্বোচ্চ ৪২ বছর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্রঋণ/ক্ষুদ্র উদ্যোগ ঋণ কর্মসূচিতে শাখা ব্যবস্থাপক পদে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	৭০ জন	৩০,০০০ টাকা থেকে ৩৬,০০০ টাকা	৩২,৫০০ টাকা থেকে ৩৯,০০০ টাকা
০৫	এরিয়া সুপারভাইজার	স্নাতক/ স্নাতকোত্তর	সর্বোচ্চ ৪৫ বছর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্রঋণ/ক্ষুদ্র উদ্যোগ ঋণ কর্মসূচিতে এরিয়া ম্যানেজার/সুপারভাইজার হিসেবে কমপক্ষে ৫ টি শাখা এবং ১৫ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় ২ বছরের অভিজ্ঞতা।	২০ জন	৪১,০০০ টাকা থেকে ৪৪,০০০ টাকা	৪৪,০০০ টাকা থেকে ৪৭,০০০ টাকা
০৬	ফাইন্যান্স সুপারভাইজার	স্নাতক/স্নাতকোত্তর (অ্যাকাউন্টিং/ফিন্যান্স/ ম্যানেজমেন্ট)	সর্বোচ্চ ৪০ বছর	ক্ষুদ্রঋণ কার্যক্রমে (শাখা পর্যায়ে) ফাইন্যান্স সুপারভাইজার হিসেবে ২ বছরের অথবা অ্যাকাউন্টেন্ট / হিসাবরক্ষক / অডিটর হিসেবে ৫ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।	৮ জন	৪০,৮০০ টাকা থেকে ৪৫,৩০০ টাকা	৪৩,৮০০ টাকা থেকে ৪৮,৩০০ টাকা
০৭	রিজিওন হেড	স্নাতক/ স্নাতকোত্তর	সর্বোচ্চ ৪৮ বছর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্রঋণ/ক্ষুদ্র উদ্যোগ কর্মসূচিতে রিজিওনাল ম্যানেজার/জোনাল ম্যানেজার হিসেবে কমপক্ষে ২৫ টি শাখা এবং ৬০ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় ৫ বছরের অভিজ্ঞতা।	০৫ জন	৬০,০০০ টাকা থেকে ৬৩,৫০০ টাকা	৬৪,০০০ টাকা থেকে ৬৭,৫০০ টাকা

ক্ষুদ্র উদ্যোগ ঋণ প্রোগ্রাম (SMEP)

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	বয়স	অভিজ্ঞতা	পদ সংখ্যা	মাসিক বেতন ও ভাতা (শিক্ষানবিশকালে)	মাসিক বেতন ও ভাতা (স্থায়ীকরণের পরে)
০৮	রিলেশনশীপ অফিসার	স্নাতক/ স্নাতকোত্তর	সর্বোচ্চ ৩২ বছর	অভিজ্ঞতার প্রয়োজন নেই।	২০০ জন	২০,৫০০ টাকা	২২,৫০০ টাকা
০৯	সিনিয়র রিলেশনশীপ অফিসার	স্নাতক/ স্নাতকোত্তর	সর্বোচ্চ ৩৫ বছর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্র উদ্যোগ ঋণ/এন্টারপ্রাইজ ঋণ/এসএমই কর্মকর্তা পদে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	৫০ জন	২৪,৫০০ টাকা থেকে ৩০,৫০০ টাকা	২৭,০০০ টাকা থেকে ৩৩,০০০ টাকা
১০	এসএমই সুপারভাইজার	স্নাতক/ স্নাতকোত্তর	সর্বোচ্চ ৩৫ বছর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্র উদ্যোগ/ এন্টারপ্রাইজ ঋণ/এসএমই কর্মসূচিতে লোন রিভিউ অফিসার পদে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	৩০জন	২৪,৫০০ টাকা থেকে ৩০,৫০০ টাকা	২৭,০০০ টাকা থেকে ৩৩,০০০ টাকা
১১	এরিয়া কো-অর্ডিনেটর	স্নাতক/ স্নাতকোত্তর	সর্বোচ্চ ৪৫ বছর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্র উদ্যোগ ঋণ/ এন্টারপ্রাইজ ঋণ/এসএমই কর্মসূচিতে এরিয়া ম্যানেজার/ সুপারভাইজার হিসেবে কমপক্ষে ৪ টি শাখা এবং ২০ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় ২ বছরের অভিজ্ঞতা।	১০ জন	৪৩,০০০ টাকা থেকে ৪৮,০০০ টাকা	৪৬,৫০০ টাকা থেকে ৫২,৫০০ টাকা
১২	কো-অর্ডিনেটর	স্নাতক/ স্নাতকোত্তর	সর্বোচ্চ ৪৫ বছর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্র উদ্যোগ ঋণ/ এন্টারপ্রাইজ ঋণ/এসএমই কর্মসূচিতে রিজিওনাল ম্যানেজার/জোনাল ম্যানেজার হিসেবে কমপক্ষে ১৫ টি শাখা এবং ৮০ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় ৫ বছরের অভিজ্ঞতা।	০৫ জন	৫৫,০০০ টাকা থেকে ৬৫,৫০০ টাকা	৫৮,০০০ টাকা থেকে ৭০,০০০ টাকা

হেলথ প্রোগ্রাম (Health Program)

শক্তি ফাউন্ডেশন এর হেলথ প্রোগ্রামের আওতায় সমগ্র দেশব্যাপী শক্তি মেডিকেল কেয়ার সেন্টার (SMCC) পরিচালনার লক্ষ্যে স্থানীয় পর্যায়ে নিম্নোক্ত পদের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে। উল্লেখ্য যে, ময়মনসিংহ, জামালপুর, গাজীপুর, শেরপুর, ঢাকা-নবাবগঞ্জ, নারায়নগঞ্জ , মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, নরসিংদী, কুমিল্লা (চৌদ্দগ্রাম, মজিদপুর, মুরাদনগর, দেবিদ্বার, দাউদকান্দি), নোয়াখালী, মানিকগঞ্জ, নীলফামারী, জয়পুরহাট, বগুড়া, নওগাঁ, রাজশাহী, নাটোর, বরিশাল, ফরিদপুর, কুষ্টিয়া, ঝিনাইদাহ, যশোর, ঝালকাঠি মাদারীপুর, চট্টগ্রাম, বান্দরবন এবং কক্সবাজার জেলার সকল থানার প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	বয়স	অভিজ্ঞতা	পদ সংখ্যা	মাসিক বেতন
১৩	মেডিকেল অ্যাসিস্ট্যান্ট/ (চুক্তি ভিত্তিক)	মেডিকেল ইনস্টিটিউট থেকে ৪ বছরের MATS (Diploma) কোর্স সম্পন্ন হতে হবে এবং BMDC সনদধারী হতে হবে।	সর্বোচ্চ ৩০ বছর	সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	৫০ জন	১৮,০০০/- টাকা

অন্যান্য সুযোগ-সুবিধাঃ

১) ১-৬ নং পদের জন্য চট্টগ্রাম ও সিলেট অঞ্চলের (পাহাড়ী এলাকায় অবস্থিত শাখাসমুহে কর্মরতদের জন্য) ক্ষেত্রে ১৫০০-২৫০০/- টাকা করে আঞ্চলিক ভাতা প্রদান করা হবে।
২) সংস্থার পলিসি অনুযায়ী দুরত্ব ভাতা **(৭৫০-২৫০০/- টাকা, নিজ জেলা থেকে কর্মস্থলের দুরত্ব অনুয়ায়ী)** বৈশাখী ভাতা, বছরে ২ টি উৎসব বোনাস সুবিধা।
৩) স্থায়ীকরণের পর সংস্থার পলিসি অনুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ইনক্রিমেন্ট ও প্রমোশনের সুবিধা।
৪) কর্মীদের স্বাস্থ্য সুবিধাসহ দায়িত্বকালীন সময়ে দুর্ঘটনাজনিত চিকিৎসার প্রকৃত খরচ সংস্থা বহন করবে।
৫) সংস্থার পলিসি অনুযায়ী কর্মকালীন সময়ে মৃত্যুজনিত কারণে সকল কর্মীর ক্ষেত্রে ১ লক্ষ টাকা পরিবারকে সহায়তা প্রদান।
৬) নারী কর্মীদের জন্য মাতৃত্বকালীন ছুটি ৬ (ছয়) মাস এবং পুরুষ কর্মীদের জন্য পিতৃত্বকালীন ছুটি ৭ (সাত) দিন।
৭) কর্মীর সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির সুযোগ। ৮) সর্বোচ্চ ছাড়ে দেশের খ্যাতনামা ডায়াগনস্টিক সেন্টারসমূহে প্যাথলজিক্যাল টেস্টের সুবিধা।
৯) সংস্থার পলিসি অনুযায়ী মাঠপর্যায়ের কর্মীদের মাসিক পারফরমেন্সের ভিত্তিতে ইনসেনটিভ সুবিধা।

প্রশিক্ষণ ফি : প্রশিক্ষণ ফি হিসেবে এরিয়া সুপারভাইজার, এরিয়া কো-অর্ডিনেটর , ফাইন্যান্স সুপারভাইজার, শাখা ব্যবস্থাপক ও সিনিয়র রিলেশনশীপ অফিসার পদের জন্য ৫,০০০ টাকা এবং অ্যাকাউন্টেন্ট ও রিলেশনশীপ অফিসার পদের জন্য ৬,০০০ টাকা জমা দিতে হবে।

আবেদন করার শর্তাবলী ও নিয়মাবলী: উল্লেখিত ২-১১ (৭নং ব্যতিত) নংপদের শিক্ষানবিশকাল ৬ মাস এবং ৭ ও ১২ নং পদের শিক্ষানবিশকাল ১ বছর। আগ্রহী ও যোগ্য প্রার্থীদের পূণাঙ্গ জীবনবৃত্তান্ত, সদ্য তোলা ০২ কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, চাকরির অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়-পত্রের ফটোকপি এবং রেফারেন্স হিসেবে আত্মীয় নন এমন দু'জন ব্যক্তির নাম, পেশা, ঠিকানা ও মোবাইল নম্বরসহ নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র আগামী **ফেব্রুয়ারী ২৮, ২০২২** তারিখের মধ্যে পাঠাতে হবে *খামের উপর পদের নাম স্পষ্ট করে লিখতে হবে *সংস্থার চাহিদা অনুযায়ী নিরাপত্তা নিশ্চয়তার জন্য প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্র প্রদান করতে হবে * শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষার জন্য ডাকা হবে *অধ্যয়নরত ছাত্র- ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই * নিবাচিত প্রার্থীদের জীবন বৃত্তান্তে উল্লেখিত তথ্যাবলি সংস্থার নিজস্ব প্রক্রিয়ায় যাচাই করা হবে * লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ, স্থান ও সময় মোবাইলে SMS (Shakti-01817-031440) এর মাধ্যমে জানানো হবে। **শক্তি ফাউন্ডেশন নিজস্ব অফিস ব্যতিত অন্য কোন মাধ্যমে (বিকাশ, রকেট, নগদ ইত্যাদি) আর্থিক লেনদেন করে না। নিয়োগ প্রত্যাশী প্রার্থী থেকে কোন প্রতারক চক্র টাকা দাবী করলে না দেওয়ার জন্য সংস্থা থেকে অনুরোধ করা হলো।**

আবেদন পাঠানোর ঠিকানা- সিনিয়র ডিরেক্টর, এইচ আর ডিপার্টমেন্ট, শক্তি ফাউন্ডেশন ফর ডিসএ্যাডভান্টেজড উইমেন,
বাড়ি নম্বর#৪, রোড নম্বর#১ (মেইন রোড), ব্লক#এ, সেকশন-১১, মিরপুর, পল্লবী, ঢাকা-১২১৬।
এ বিজ্ঞপ্তি সম্পর্কে আরো বিস্তারিত জানতে ভিজিট করুন www.shakti.org.bd/career | www.facebook.com/SFDWbd

সম্পাদকঃ ফাতেমা আক্তার, প্রকাশকঃ আফিয়া হোসেন (লিপি), সার্কুলেশন ম্যানেজারঃ মোহাম্মদ ইদ্রিস মিয়া, বিজ্ঞাপন ম্যানেজার ঃ মোঃ বিল্লাল হোসেন ও মোশারাফ হোসেন (খোকন)। প্রকাশক কর্তৃক ৭১, ফকিরাপুল, ইয়াসিন টাওয়ার (৩য় তলা) (ফকিরাপুল বাজার বড় মসজিদের অপর পার্শ্বে), মতিঝিল, ঢাকা-১০০০ হইতে প্রকাশিত এবং ৯২ আরামবাগ, আর এস প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত। মোবা ঃ (প্রকাশক ঃ ০১৭২৯-৯২৫৫৫৫, সম্পাদক ঃ ০১৭৫৭-৪৮১৫৯৫) (সার্কুলেশন ম্যানেজার ঃ ০১৭১১-২৬৩৯৮৭) সার্বিক যোগাযোগ ঃ ০১৭১৫-৩৫৩৮৪৮, বিকাশ নম্বরঃ ০১৭১৫-৩৫৩৮৪৮, ০১৭৩৫-৭৫৩২২৩। E-Mail: saptahic.chakrirkhabar@gmail.com